

PRINT

সমকাল

দেশের প্রথম ডিজিটাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু মার্চে -শিক্ষামন্ত্রী

১১ ঘণ্টা আগে

বিয়ানীবাজার (সিলেট) প্রতিনিধি

দেশের প্রথম ডিজিটাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম আগামী মার্চ মাস থেকে শুরু করার পরিকল্পনা নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত শুক্রবার রাতে বিয়ানীবাজারে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ও মহাজোটের প্রার্থী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান। তিনি বলেন, আপাতত ভাড়া করা ভবনে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করা হবে। এর পর আমাদের নির্ধারিত জায়গায় অবকাঠামো নির্মাণের পর বিশ্ববিদ্যালয়টি স্থানান্তর করা হবে।

শিক্ষামন্ত্রী বলেন, গাজীপুরে ৭৫ বিঘা জমির ওপর বিশ্বমানের প্রযুক্তিনির্ভর বিশেষায়িত এই বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রক্রিয়া শুরু করেছি আমরা। এতে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং উচ্চতর প্রযুক্তির সঙ্গে সম্পর্কিত ডিজিটাল টেকনোলজি, বায়োটেকনোলজি, ন্যানোটেকনোলজি, ডিজিটাল ম্যানেজমেন্ট, ডিজিটাল ডেভেলপমেন্ট, অ্যাডভান্সড টেকনোলজি বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান এবং গবেষণা কার্যক্রম পরিচালিত হবে। বিয়ানীবাজার পৌরসভা মিলনায়তনে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, বিয়ানীবাজার ও গোলাপগঞ্জ উপজেলার উন্নয়নে একজন জনপ্রতিনিধি হিসেবে ১৯৯৬ সাল থেকে প্রত্যক্ষভাবে কাজ করছি। এ দুই উপজেলার দুটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণ, টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ স্থাপন করা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসায় একাধিক ভবন নির্মাণ, বিয়ানীবাজার সরকারি কলেজকে বিশ্ববিদ্যালয়ের পাঠদানের উপযোগী করে তোলা, চারখাই-বারইগ্রাম ও গোলাপগঞ্জ-ভাদেশ্বর সড়কসহ শতাধিক সড়ক নতুন করে নির্মাণ, সংস্কার ও মেরামত করেছি।

এ সময় তার সঙ্গে ছিলেন বিয়ানীবাজার পৌরসভার মেয়র আব্দুস শকুর ও এপিএস দেওয়ান মাকসুদুল ইসলাম আউয়াল।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com